

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০০.০০০০.০৬৩.২২.০০২.১৭- ১১৮৪

তারিখঃ ০৬/০২/২০১৭ ইং


বিষয় : পৌরসভাসমূহের অধিক্ষেত্রে ভূমি/ইমারতের বার্ষিক মূল্য নির্ধারণ (Assessment) প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি-১৮ অনুযায়ী প্রতি ০৫(পাঁচ) বছর অন্তর অন্তর নূতনভাবে ভূমি/ ইমারতসমূহের বার্ষিক মূল্য নির্ধারণ (Assessment) করার বিধান রয়েছে। “পৌরসভা আদর্শ কর তফসিল, ২০১৪” অনুযায়ী Assessment এর ভিত্তিতেই হোল্ডিং ট্যাক্স ও অন্যান্য কর/ফি ইত্যাদি আরোপ করা হয়ে থাকে, যা পৌরসভাসমূহের রাজস্ব আয়ের প্রধান উৎস। ফলে নিয়মিত Assessment এর সাথে পৌরসভাসমূহের আর্থিক সক্ষমতা ও স্বনির্ভরতা অর্জন প্রত্যক্ষভাবে জড়িত।

০২। কিন্তু দেখা যাচ্ছে যে, পৌরসভাসমূহ ভূমি/ইমারতের উপর নিয়মিত Assessment সম্পন্ন করছে না। ফলে পৌরসভার আর্থিক সক্ষমতার সীমাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। এতে পৌরসভা কর্তৃক প্রত্যাশিত নাগরিক সেবা প্রদান সম্ভব হচ্ছে না। এ অবস্থা হতে উত্তোরণ অতীব প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, পৌরসভাসমূহের অধিক্ষেত্রে ভূমি/ ইমারতসমূহের বার্ষিক মূল্য নির্ধারণ (Assessment) সম্পর্কিত নিম্নবর্ণিত তথ্য আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (১) ভূমি/ইমারতসমূহের Assessment কার্যক্রম সর্বশেষ কবে সম্পন্ন করা হয়েছে? দালিলিক তথ্য সংযুক্ত করতে হবে;
- (২) সর্বশেষ Assessment এর পর ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে কিনা? অতিক্রান্ত হয়ে থাকলে পৌরসভা কর আরোপ ও আদায় পদ্ধতি বিধিমালা, ২০১৩ এর বিধি-১৮ অনুযায়ী Assessment কার্যক্রম কবে নাগাদ শুরু ও সম্পন্ন করা হবে, তার সময়াবদ্ধ পরিকল্পনা;
- (৩) Assessment কার্যক্রম চলমান থাকলে, কবে শুরু করা হয়েছে, বর্তমানে কত ভাগ কাজ সম্পন্ন করা হয়েছে - সে সম্পর্কিত তথ্য এবং চলমান Assessment সম্পন্ন করার সময়াবদ্ধ পরিকল্পনা।

  
(এ,কে,এম আনিছুল্লাহমান)  
সহকারী সচিব

ই-মেইলঃ mazidlgd91@gmail.com

মেয়র/প্রশাসক(সকল)

.....পৌরসভা, জেলা-

সদয় জ্ঞাতার্থেঃ

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) পরিচালক, স্থানীয় সরকার(সকল), বিভাগীয় কমিশনার এর কার্যালয়,.....
- ৪) উপ পরিচালক, স্থানীয় সরকার(সকল), বিভাগীয় কমিশনার এর কার্যালয়,.....
- ৫) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)